



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

৩য় আন্তঃবিভাগ ভলিবল প্রতিযোগিতা ২০২০ এর ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত



০৬ ফেব্রুয়ারি ২০২০, বৃহস্পতিবার দুপুর ১২:৩০ টায় 'জগন্নাথ বিশ্ববিদ্যালয় ৩য় আন্তঃবিভাগ ভলিবল (ছাত্র/ছাত্রী) প্রতিযোগিতা-২০২০' এর ফাইনাল খেলা এবং পুরস্কার বিতরণী অনুষ্ঠান বিশ্ববিদ্যালয় কলা ভবন সংলগ্ন ভলিবল খেলার মাঠে অনুষ্ঠিত হয়।

ক্রীড়া উপ-কমিটি (হ্যান্ডবল/ভলিবল/বাস্কেটবল) এর আহবায়ক অধ্যাপক ড. মোঃ মনিরুজ্জামান সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এবং বিশেষ অতিথি হিসেবে অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ উপস্থিত ছিলেন।

প্রতিযোগিতায় ছাত্রীদের ভলিবল দলের মধ্যে চ্যাম্পিয়ন হয় দর্শন বিভাগ এবং রানার্স আপ হয় মনোবিজ্ঞান বিভাগ। আর ছাত্রদের ভলিবল দলের মধ্যে চ্যাম্পিয়ন হয় অর্থনীতি বিভাগ এবং রানার্স আপ হয় লোক প্রশাসন বিভাগ। প্রতিযোগিতায় ছাত্রীদের মধ্যে দর্শন বিভাগের শিক্ষার্থী

সাবরীন শুভা ও ছাত্রদের মাঝে অর্থনীতি বিভাগের শিক্ষার্থী মোঃ মামুন মিয়া সেরা খেলোয়াড় নির্বাচিত হয়।

খেলা শেষে উপাচার্য পুরস্কারপ্রাপ্তদের মাঝে পুরস্কার বিতরণ করেন। উল্লেখ্য, অনুষ্ঠানটি আয়োজন করে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্রীড়া উপ-কমিটি এবং সার্বিক ব্যবস্থাপনায় দায়িত্বে ছিল শারীরিক শিক্ষা কেন্দ্র।